তারিখ ...... 25 APR 2017
পৃষ্ঠা ৮ ...... কলাম ৬ ......

দৈনিক
আমাদের সময়

# দশ হাজার ছাত্রী পাবে সাইবার নিরাপত্তা প্রশিক্ষণ

■ প্রযুক্তি সময় প্রতিবেদক

দেশব্যাপী ৮ বিভাগের ৪০টি স্কুল ও কলেজে সাইবার নিরাপত্তাবিষয়ক সচেতনতামূলক কর্মশালা আয়োজনের উদ্যোগ নিয়েছে সরকারের তথ্য ও প্রযুক্তি (আইসিটি) বিভাগ। 'সাইবার সিকিউরিটি অ্যাওয়ারনেস ফর উইমেন এমপাওয়ারমেন্ট' শীর্ষক এই কর্মসূচির আওতায় প্রায় ১০ হাজার ছাত্রী হাতে-কলমে সাইবার নিরাপত্তাবিষয়ক প্রশিক্ষণ পাবেন। কর্মশালাগুলো বাস্তবায়ন করবে আইসিটি বিভাগের আওতাধীন কন্ট্রোলার অব সার্টিফায়িং অথরিটিজ (সিসিএ)। এতে অংশ নেবে রাজধানীর ৪টি স্কুলের ৬ শতাধিক ছাত্রী। আগামী ২৮ মে পর্যন্ত পর্যায়ক্রমে সারা দেশের মোট ৪০টি নারী শিক্ষা প্রতিষ্ঠানে এই কর্মশালা অনুষ্ঠিত হবে। ৮টি বিভাগের বিভিন্ন স্কুল ও কলেজে এই কর্মশালা আয়োজন করা হবে।